# ২০২২

## বাংলা - সাম্মানিক

### প্রথম সেমেস্টার

### পত্র : CC-1

### (বাংলা সাহিত্যের ইতিহাস : ১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা সাহিত্যের যুগবিভাগের প্রবণতাগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলা সাহিত্যের আদিযুগের নিদর্শন চর্যাপদে প্রতিফলিত বাংলার সমাজচিত্রের পরিচয় দাও। ১০

২। (ক) মালাধর বসুর কবিপরিচয় ও কাব্যরচনার কাল সম্পর্কে আলোচনা করে এই কবির কবিকৃতিত্বের পরিচয় দাও। ৩+১+৬

*অথবা,*

(খ) বাঙালির সমাজজীবনে চৈতন্যদেবের অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

৩। (ক) ভারতচন্দ্রের আবির্ভাবকালের পরিচয় দিয়ে তাঁর কবিপ্রতিভার মূল্যায়ন করো। ৩+৭

*অথবা,*

(খ) শাক্তপদাবলীর কবি হিসাবে কমলাকান্তের কবিপ্রতিভার বিশিষ্টতার ক্ষেত্রগুলি চিহ্নিত করো। ১০

৪। (ক) চর্যাপদের ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের আবিষ্কার ও প্রকাশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ২+৩

৫। (ক) কবি কৃত্তিবাসের জনপ্রিয়তার কারণগুলি উল্লেখ করো। ৫

*অথবা,*

(খ) অনুবাদ সাহিত্য সৃষ্টির কারণগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) মনসামঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে? সংক্ষেপে তাঁর পরিচয় দাও। ১+৪

*অথবা,*

(খ) শাহ মহম্মদ সগীরের কবিপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৭। ***যে-কোনো একটি*** বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) সন্ধ্যাভাষা

(খ) বিদ্যাপতি

(গ) চণ্ডীমঙ্গল

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বাংলা সাহিত্যের আদিযুগ কোন সময় থেকে কোন সময় পর্যন্ত বিস্তৃত?

(খ) হিন্দু ও বৌদ্ধযুগকে সাহিত্যের ইতিহাসে কে স্থান দিয়েছেন?

(গ) 'চর্যাপদ'-এ কতজন কবির লেখা আছে?

(ঘ) 'শূন্যপুরাণ' কার লেখা?

(ঙ) বৈষ্ণব পদকর্তা জ্ঞানদাস কোন শতকের কবি?

(চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কয়টি খণ্ড?

(ছ) 'ব্রজভাষা' কাকে বলে?

(জ) 'দ্বিতীয় বিদ্যাপতি' কে?

(ঝ) বাংলা ভাষায় সর্বপ্রথম চৈতন্যজীবনী কার রচনা?

(ঞ) সাধক কবি রামপ্রসাদ সেন-এর মৃত্যু কত খ্রিস্টাব্দে?

(ট) 'নৌতনমঙ্গল' কাকে বলা হয়?

(ঠ) 'ধর্মমঙ্গল' কাব্যের দুটি ঐতিহাসিক চরিত্রের নাম লেখো।

(ড) দৌলত কাজী কার রাজত্বকালে কাব্য রচনা করেন?

(ঢ) মঙ্গলকাব্যের ইতিবৃত্ত সম্পর্কিত আশুতোষ ভট্টাচার্যের গ্রন্থটির নাম কী?

(ণ) 'হপ্তপয়কর' কার রচনা?